ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৩৯

পানিসাগর, ৮ আগস্ট, ২০২৫

**পানিসাগরে রক্তদান শিবির অনুষ্ঠিত**

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ পানিসাগর আরসিপিই কলেজের ইন্ডোর হলে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। রক্তদান শিবিরের উদ্বোধন করেন বিধায়ক বিনয়ভূষণ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, পানিসাগর ব্লকের বিডিও মানস ভট্টাচার্য, উত্তর ত্রিপুরা জেলা হাসপাতালের সুপার ডা. ভাস্কর দাস, পানিসাগর মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. দীপঙ্কর ভূষণ দেববর্মা, পানিসাগর আরসিপিই কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. দেবদুলাল বৈদ্য, সমাজসেবী নিরুপম দে, বিবেকানন্দ দাস ও ধনঞ্জয় দাস প্রমুখ। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিধায়ক বিনয়ভূষণ দাস বলেন, রক্তদান একটি মহৎ কাজ। এই ধরণের উদ্যোগ নেওয়ার জন্য তিনি মহকুমা প্রশাসনকে ধন্যবাদ জানান। রক্তদানে সবাইকে এগিয়ে আসার জন্য তিনি আহ্বান রাখেন। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা শাসক সুশান্ত দেববর্মা। শিবিরে আজ ৪৮ জন রক্তদান করেন।

******